# রাজ টেক্সটাইল মাধ্যমিক বিদ্যালয়

খোদেজা আবু তাহের বৃত্তি নীতিমালা-২০২৫

**১। শিরোনাম এবং প্রবর্তন :**

(ক) এটি খোদেজা আবু তাহের বৃত্তি নীতিমালা-২০২৫ নামে অভিহিত হবে।

(খ) এই সংশোধিত নীতিমালাটি ইং ২০২৫ এর ১লা জানুয়ারী থেকে কার্যকর হবে।

**২। প্রয়োগ স্থান :**

(ক) রাজ টেক্সটাইল মাধ্যমিক বিদ্যালয়।

**৩। বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ :**

(ক) রাজ টেক্সটাইল স্কুল কর্তৃপক্ষকে বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বোঝাবে।

(খ) নীতিমালা অনুযায়ী স্কুলের বর্তমান সভাপতি জনাব সামসুল আলম স্যার বা ওয়ারেশগন প্রয়োজনীয় আর্থিক পৃষ্ঠপোষকতা প্রদান করবে ও এই বৃত্তির আর্থিক পৃষ্ঠপোষক বা পৃষ্ঠপোষক হিসেবে মূল্যায়িত হবেন।

(খ) আর্থিক পৃষ্ঠপোষক বা তার ওয়ারেশ বা প্রতিনিধির উপস্থিতিতে বৃত্তি প্রদান করতে হবে।

**৪। বৃত্তি প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলী :**

বৃত্তি প্রাপ্তির জন্য প্রত্যেককে অবশ্যই নিম্নোক্ত শর্তাবলী পূরণ করতে হবে।

(ক) স্কুলের নিয়মিত ছাত্র/ছাত্রী হতে হবে। উন্নত চরিত্রের অধিকারী হতে হবে।

(খ) স্কুলের আইন শৃঙ্খলা ও নিয়ম-কানুনের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। বিদ্যালয়ে কমপক্ষে ৯০% উপস্থিতি থাকতে হবে।

(গ) আনুষ্ঠানিকভাবে বৃত্তি প্রদানকালীন সময়ে শিক্ষার্থী অন্য স্কুলে ভর্তি হলে বৃত্তির অযোগ্য হবে।

(ঘ) লাইব্রেরি ও স্কাউট ক্যাটাগরিতে/ বিষয়ে শিক্ষার্থী বা অংশগ্রহনকারীর সংখ্যা শ্রেণি প্রতি নূন্যতম ১০ জন না হলে কেউ বৃত্তি পাবে না।

(ঙ) কোন শিক্ষার্থী একই সাথে সহ পাঠ্যক্রমিক ও স্কাউট বৃত্তি পাবেনা। কিন্তু অন্য যে কোন একাধিক বৃত্তি পেতে পারবে।

**৫। বৃত্তির ক্ষেত্র :**

(ক) মাধ্যমিক পর্যায়ে প্রতিটি শ্রেণির ছাত্র/ছাত্রী ও শিক্ষক/শিক্ষিকা।

**৬। বৃত্তির ধরণ :**

(ক) **কো-কারিকুলার বৃত্তি:** ৬ষ্ঠ থেকে দশম প্রতিটি শ্রেণিতে সহ পাঠ্যক্রমিক কার্যাবলীতে ০২ জন বৃত্তি পাবে। বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, থানা/জেলা/বিভাগীয়/জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতা এবং স্কুলের নির্ধারিত কো-কারিকুলারের ফলাফলের ভিত্তিতে সহ-পাঠ্যক্রমিকে বৃত্তি পাবে।

(খ) **সেরা পাঠক বৃত্তি:** স্কুল লাইব্রেরি ও বিশ্ব-সাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচীর ফলাফলের ভিত্তিতে প্রতি শ্রেণিতে ০২ জন লাইব্রেরি বৃত্তি পাবে।

(গ) **স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি:** মাধ্যমিকের প্রতিটি শ্রেণি থেকে সার্বিক কর্মকান্ডের উপর ভিত্তি করে প্রতি শ্রেণিতে মাত্র ০১ জন শিক্ষার্থী ‘স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি’ পাবে।

(ঘ) **স্কাউট বৃত্তি:** মাধ্যমিকের প্রতিটি শ্রেণিতে স্কাউট এর সার্বিক কর্মকান্ডের উপর ভিত্তি করে মাত্র ০১ জন করে শিক্ষার্থী বৃত্তি পাবে।

(ঙ) **বিতর্ক ও লেখক বৃত্তি:** মাধ্যমিকের বিতর্ক প্রতিযোগিতা ও দেয়ালিকা-রঙপেন্সিলে লেখালেখি উপর ভিত্তি করে সকল শ্রেণি থেকে মাত্র ০২+০২=০৪ জন শিক্ষার্থী এই বৃত্তি পাবে।

(ছ) **অলিম্পিয়াড বা বিশেষ বৃত্তি:** বিভিন্ন অলিম্পিয়াডে জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে অংশগ্রহন করলে সর্বোচ্চ ০৪ জন এই বৃত্তিপ্রাপ্ত হবে।

**(ঙ) টিচার্স অব দা ইয়ার বৃত্তি: স্কুলের সহকারী শিক্ষকদের মধ্য থেকে ০২ জন শিক্ষক বিভিন্নরকম কো-কারিকুলার, পত্রিকায় বা স্কুলের ব্লগে লেখালেখি, লাইব্রেরিতে বই পড়া, স্কাউটিং, মাল্টিমিডিয়া ক্লাসের ব্যবহারের ভিত্তিতে ‘টিচার্স অব দা ইয়ার’ বৃত্তি পাবেন।**

**৭। কো-কারিকুলারে বৃত্তির তালিকা প্রণয়নের নির্দেশিকা :**

(ক) ৬ (ক) ধারা অনুসরণ করতে হবে।

(খ) সহ-পাঠ্যক্রমিক প্রতিটি বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান প্রাপ্তির জন্য একজন শিক্ষার্থী যথাক্রমে ৫, ৩ ও ২ নম্বর অর্জন করবে। অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষার্থী প্রতিটি বিষয়ের জন্য ০১ নম্বর পাবে।

(গ) স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার জন্য ৭ (খ) ধারার অনুরূপ নম্বর অর্জন করবে ।

(ঘ) থানা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ৭ (খ) এর দ্বিগুণ নম্বর অর্জন করবে।

(ঙ) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ৭ (খ) তিনগুণ নম্বর অর্জণ করবে।

(চ) জেলা/বিভাগ/জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থী একই ক্লাসে একাধিক না হলে ঐ শিক্ষার্থী অন্য কোন সহ-পাঠ্যক্রমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ ছাড়াই সরাসরি বৃত্তি প্রাপ্তির যোগ্যতা অর্জন করবে।

(ছ) স্টুডেন্ট অব দ্যা ইয়ার, স্কাউটিং, গনিত মেলা, বিজ্ঞান মেলা, বিতর্ক, নাটক, অভিনয়, নাচ, আবৃতি, গান, কম্পিউটার বিষয়ক প্রতিযোগিতা Computer.Com’, চারু-কারু বিষয়ক প্রতিযোগিতা, ‘এসো নিজে করি’, প্রযুক্তি বিষয়ক প্রতিযোগিতা ‘ক্ষুদে বিজ্ঞানী’, চিত্রাংকন বিষয়ক প্রতিযোগিতা ‘আঁকি বুকি’, রসনা শিল্প বিষয়ক প্রতিযোগিতা ‘পিঠা উৎসব/আমার টিফিন’, ধারাবাহিক গল্প বলা, ‘এসো শব্দ নিয়ে খেলি’ ‘কাঠপেন্সিল’ ও ‘রং-পেন্সিল’ এ লেখালেখি, ইত্যাদি সৃজনশীল নতুন নতুন বিষয়ে মাধ্যমিক পর্যায়ে প্রতিযোগিতা হবে।

(জ) এক বিষয়ে বছরে একাধিকবার একই প্রতিযোগিতা হলে মাত্র একবারের নম্বর বিবেচনায় আসবে।

(ঝ) স্কুলের কো-কারিকুলার এর সমন্বয়ক এর মূল্যায়িত তথ্যছক ও ক্রিড়া শিক্ষকের মূল্যায়ন নিয়ে ”খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি” (১১ এর ক, খ ও গ অনুসরণ করতে হবে) এই কো-কারিকুলার বৃত্তির তালিকা চূড়ান্ত করবেন।

(ঞ) শ্রেণি শিক্ষক সারা বছর সকল শিক্ষার্থীর কো-কারিকুলারের তথ্য সংরক্ষন করবেন ও নীতিমালা অনুযায়ী নম্বরপত্র প্রদান করবেন।

(ঙ) সারা বছরের বিভিন্নরকম কো-কারিকুলারে অবদান, লাইব্রেরিতে বই পড়া, স্কাউটিং, মাল্টিমিডিয়া ক্লাসের ব্যবহারের ভিত্তিতে বৃত্তির আর্থিক পৃষ্ঠপোষক বা পৃষ্ঠপোষক ও স্কুলের প্রধান শিক্ষকের লিখিত মূল্যায়নে সহকারী শিক্ষকদের মধ্য থেকে ০২ জন শিক্ষক ‘টিচার্স অব দা ইয়ার’ বৃত্তি পাবেন।

**৮। সেরা পাঠক বৃত্তির তালিকা প্রণয়নের নির্দেশিকা :**

(ক) ৬ (খ) ধারা অনুসরন করতে হবে।

(খ) বছরান্তে স্কুলের লাইব্রেরি বিভাগ কর্তৃক গৃহিত একটি মূল্যায়ন পরীক্ষা ও বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া, পাঠচক্র, বিজ্ঞান চিন্তা ও কিশোর আলোর কুইজ প্রতিযোগিতার নম্বরের ভিত্তিতে এই পুরষ্কার প্রদান করা হবে।

(গ) লাইব্রেরী শিক্ষকের মূল্যায়ন নিয়ে "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি"এই সেরা পাঠক বৃত্তির তালিকা চূড়ান্ত করবেন।

**৯। স্কাউট বৃত্তি নির্দেশিকা :**

(ক) ৬ (গ) ধারা অনুসরন করতে হবে।

(খ) কাব-স্কাউট ও স্কাউট এর সার্বিক কর্মকান্ডের উপর ভিত্তি করে স্কাউট শিক্ষকের এর মূল্যায়িত তথ্যছক ভিত্তিতে "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি" সেরা স্কাউট বুত্তি নির্বাচন করবেন।

(গ) ব্যাজ-৫, কর্মদক্ষতা-৫, নৈতিকতা-৫, লাইব্রেরির বই পড়া-৫, সৃজনশীলতা-৫, সহ-পাঠ্যক্রমিক কার্যাবলী-৫, উপস্থিতি-৫, নেতৃত্ব-৫, স্কাউট বিষয়ে জ্ঞান-৫,ক্যাম্পিং-৫ ইত্যাদি বিবেচনায় কাব-স্কাউট ও স্কাউট বৃত্তি প্রদান করা হবে।

খ) কমপক্ষে থানা ট্রেনিং, ক্যাম্পিং বা অংশগ্রহন করে না থাকলে কোন কাব-স্কাউট বা স্কাউট সেরা স্কাউট বুত্তি নির্বাচিত হবে না।

**১০। 'স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি' নির্দেশিকা :**

(ক) ৬ এর গ ও ঙ ধারা অনুসরণ করতে হবে।

খ) হাজিরা-০৫, রেজাল্ট-০৫, আচরণ-০৩, কো-কারিকুলার-০৫, হাতের লেখা-০৩, স্টুডেন্ট অব দ্যা ইয়ার -০৫, লাইব্রেরির বই পড়া-০৫, বিতর্ক-০৫, রঙ-পেন্সিলে লেখালেখি-০৫ বিবেচনায় **'স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি'** প্রদান করা হবে।

(গ) শ্রেণি শিক্ষক এর মূল্যায়ন, লাইব্রেরি ও স্কাউট বিভাগের মূল্যায়ন নিয়ে "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি"এই বৃত্তির তালিকা চূড়ান্ত করবেন।

**১১। 'বিতর্ক ও লেখক বৃত্তি' নির্দেশিকা :**

(ক) ৬ এর ঙ এবং ৭ এর গ,ঘ ও ঙ ধারা অনুসরণ করতে হবে।

খ) কমপক্ষে ০৩ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহন এবং কমপক্ষে ০৩ টি লেখা দেয়ালিকা ও রঙপেন্সিলে প্রত্রিকায় প্রকাশিত না হলে কেউ বৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

(গ) বিতর্ক, দেয়ালিকা ও রঙপেন্সিলের দায়িত্তপ্রাপ্ত শিক্ষক এর মূল্যায়ন নিয়ে "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি"এই বৃত্তির তালিকা চূড়ান্ত করবেন।

**১২। বৃত্তির আর্থিক পরিমাণ :**

**(ক) বৃত্তিপ্রাপ্ত প্রতিটি শিক্ষার্থী সনদ ও মাসিক ১০০ টাকা করে ১২ মাসে (১২*১২৫)=১৫০০/= টাকা নগদ/সম পরিমান অর্থের অন্য কোন সুবিধা বছরান্তে বা ত্রৌমাসিক ভিত্তিতে পাবে।**

**(খ) শুধুমাত্র 'স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি' বৃত্তিপ্রাপ্ত প্রতিটি শিক্ষার্থী সনদ, ক্রেস্ট ও মাসিক ২৫০ টাকা করে ১২ মাসে (১২*২৫০) = ৩,০০০/= টাকা নগদ/সম পরিমান টাকা বা টাকা মূল্যের অন্য কোন সুবিধা বার্ষিক বা ত্রৈমাসিক ভিত্তিতে পাবে।**

**(গ) প্রতি শিক্ষক ক্রেষ্ট, সনদ ও পুরস্কার বা নগদ ৪০০ টাকা করে ১২ মাসে (১২*৪০০) = ৪,৮০০/= টাকা নগদ/সম পরিমান টাকা বা টাকা মূল্যের অন্য কোন সুবিধা বার্ষিক বা ত্রৈমাসিক ভিত্তিতে পাবে।**

**(ঙ) অলিম্পিয়াড বা বিশেষ বৃত্তি প্রাপ্ত সকলেই সনদ, ক্রেস্ট ও মাসিক ১০০ টাকা করে ১২ মাসে (১২*১২৫)=১৫০০/= টাকা নগদ/সম পরিমান অর্থের অন্য কোন সুবিধা বছরান্তে বা ত্রৌমাসিক ভিত্তিতে পাবে।**

**(চ) এই নীতিমালায় ৩৮ জন শিক্ষার্থী ও ০২ জন শিক্ষক বছরে ৭৪,১০০ (চুয়াত্তর হাজার একশত টাকা) আর্থিক সুবিধা পাবে। সনদপত্র সহ ও অন্যন্য সম্ভাব্য ব্যয় ৪০০০ টাকা। সর্বমোট ব্যয় ৭৮,১০০ (আটাত্তর হাজার টাকা) মাত্র।**

**১৩। বাস্তবায়ন :**

(ক) ০৫ সদস্য বিশিষ্ঠ কমিটি এটি বাস্তবায়ন করবে। এই কমিটিকে "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি" বলা হবে।

**(খ) "মোঃ শামীম আখতার শিমুল", সহকারী শিক্ষক (আইসিটি), খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি" র সমন্বয়ক থাকবেন।**

**(গ) সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ ফারুক হোসেন, সহকারি শিক্ষক শামিরা সারমিন এবং পদাধিকার বলে লাইব্রেরিয়ান ও স্কাউট টিচার এই কমিটির সদস্য হবেন।**

(ঘ) বর্তমান সভাপতি জনাব সামসুল আলম স্যার বা ওয়ারেশগন এই বৃত্তি বাস্তবায়ন কমিটি নির্বাচন/ পূনর্গঠন বা নবায়ন করবেন।

(ঙ) স্কুলের প্রধান শিক্ষক পদাধিকার বলে এই কমিটির সভাপতি হবেন। বৃত্তি বাস্তবায়ন কমিটি কোন বিষয়ে সিদ্ধান্ত নিতে জটিলতা বোধ করলে সভাপতির পরামর্শ নিবেন।

**১৪। শাস্তি/দন্ড/বৃত্তি রহিতকরণ :**

(ক) এই নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ যেকোন প্রকার শাস্তি/দন্ড/বৃত্তি স্থগিত করতে পারবে।

(খ) কেউ ভুল বা মিথ্যা তথ্য দিয়ে বৃত্তির সুবিধা নিলে বা তা প্রকাশিত হলে বৃত্তি স্থগিত সহ যেকোন শাস্তি/জরিমানা প্রদান করা যাবে।

**১৫। নীতিমালা প্রণয়ন/সংশোধন/বৃত্তি স্থগিত :**

(ক) স্কুল কর্তৃপক্ষ এই বৃত্তির নাম, বিধি বা এর কোন অংশই পরিবর্তন করতে পারবে না। শুধুমাত্র বৃত্তির পরিমাণ/আর্থিক সুবিধা বৃদ্ধি করতে পারবে।

(খ) স্কুল কর্তৃপক্ষ "খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি" ও আর্থিক পৃষ্ঠপোষক বা তার ওয়ারেশগনের সাথে আলোচনা করে এই বৃত্তি প্রদান বা স্থগিতকরণ বা নীতিমালার সংশোধন আনতে পারবে।